

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৩.১৬. ৪৪৬

তারিখ:

২৫ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ আগস্ট ২০২১ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, প্রভাষক (মৃত্তিকা বিজ্ঞান), সরকারি স্বরূপকাঠি কলেজ, পিরোজপুর-এঁর বিগত ০৩/০১/২০১৫ খ্রি. হতে ০১/১০/২০১৫ খ্রি. পর্যন্ত ০৯ (নয়) মাস অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি এবং অধ্যক্ষের স্বাক্ষর জাল করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন এবং সে অনুযায়ী গত ২৭/০৯/২০২০ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে অভিযুক্ত কর্মকর্তার নিকট সুস্পষ্ট জবাব চাওয়া হলে তিনি সন্তোষজনক জবাব উপস্থাপন করতে ব্যর্থ হন। ফলে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং ঘটনার পারিপার্শ্বিকতা বিবেচনাপূর্বক জনাব মোহাম্মদ নজরুল ইসলাম-এঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(১)(খ) অনুযায়ী ১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থায়ীভাবে স্থগিত করার লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সেহেতু, জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, প্রভাষক (মৃত্তিকা বিজ্ঞান), সরকারি স্বরূপকাঠি কলেজ, পিরোজপুর -বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(১)(খ) অনুযায়ী ১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থায়ীভাবে স্থগিত (withholding of one increment permanently) করার লঘুদণ্ড প্রদান করা হলো এবং তাঁর অননুমোদিত অনুপস্থিতকাল ০৩/০১/২০১৫ খ্রি. হতে ০১/১০/২০১৫ খ্রি. পর্যন্ত ০৯ (নয়) মাস বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখ: ০৯/০৮/২০২১

(মোঃ মাহবুব হোসেন)

সচিব

২৫ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ

০৯ আগস্ট ২০২১ খ্রি.

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৩.১৬. ৪৪৬/২(৬)

তারিখ:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোহাম্মদ নজরুল ইসলাম এর ব্যক্তিগত নথিতে/ডেসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, সরকারি স্বরূপকাঠি কলেজ, পিরোজপুর
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৬। জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, প্রভাষক (মৃত্তিকা বিজ্ঞান), সরকারি স্বরূপকাঠি কলেজ, পিরোজপুর।

(মোহাম্মদ আবু মাসের বেগ)

উপসচিব

ফোন: ৯৫৫৩২৭৬